



বাড়িতে নিরাপদে আলাদা হবার জন্য যেভাবে সংস্থানসমূহ পাবেন

NYC Test & Trace Corps COVID-19 আছে অথবা COVID-19 এ আক্রান্ত কারও সংস্পর্শে এসেছিলেন এমন যে কারোর তার বাড়িতে নিরাপদে আলাদা হওয়ার জন্য সংস্থানসমূহ যেন থাকে তা নিশ্চিত করবে। এটা করার জন্য, আমরা আপনার এলাকার এলাকা-ভিত্তিক সংগঠনসমূহের রিসোর্স নেভিগেটরদের সাথে কাজ করি। তারা আপনাকে আপনার এলাকার আশেপাশের সংস্থানসমূহের সাথে সংযুক্ত হতে সাহায্য করতে পারে।

সংস্থানসমূহের মধ্যে রয়েছে:

- + খাদ্য ডেলিভারি
- + আপনার নিয়োগকর্তার কাছ থেকে সবেতন ছুটি
- + ঔষধ
- + স্বাস্থ্য বীমা
- + ইউটিলিটিসমূহ (বিদ্যুৎ, পানি, গ্যাস)
- + একটি আনুষ্ঠানিক কোয়ারান্টাইন অর্ডার পেতে সাহায্য করা
- + একজন প্রাইমারি কেয়ার প্রোভাইডার
- + মানসিক স্বাস্থ্য সহায়তা
- + ঘরোয়া সহিংসতায় সাহায্য
- + সামাজিক পরিষেবাসমূহ
- + আবাসন এবং গৃহহীনতা সংক্রান্ত সংস্থানসমূহ
- + পোশা প্রাণীর যত্ন
- + 10 থেকে 14 দিনের জন্য কোরেন্টাইন / বিচ্ছিন্ন থাকতে তিন সদস্যের পরিবারের জন্য পর্যাপ্ত ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম সহ টেক কেয়ার প্যাকেজ।
- + এবং আরও অনেক কিছু!

একজন রিসোর্স নেভিগেটরের সাথে যোগাযোগ করতে, **1-212-COVID19 (1-212-268-4319)** নাম্বারে কল করুন, নিরাপদে আলাদা থাকতে সাহায্যের জন্য 5 চাপুন, এবং অন্যান্য সংস্থানের জন্য একটি ভয়েস মেইল রাখতে 5 চাপুন। একজন রিসোর্স নেভিগেটর আপনাকে ফিরতি ফোনকল করবেন। আপনি যদি Test and Trace প্রোগ্রামের অংশ হয়ে থাকেন তাহলে আপনি যে কোনও সময় একজন রিসোর্স নেভিগেটরের সাথে কথা বলতে আপনার **কেস ইনভেস্টিগেটর বা মনিটরকে** বলতে পারেন।

রিসোর্স নেভিগেটরের সাথে কথা বলা আপনার স্বামী আবাসনের (“গ্রিন কার্ডের”) জন্য আবেদনের ক্ষেত্রে আপনার সক্ষমতাকে প্রভাবিত করবে না। যদি আপনার ইমিগ্রেশন স্ট্যাটাস সম্পর্কে কোন প্রশ্ন থাকে, তাহলে সোমবার থেকে শুক্রবার পর্যন্ত সকাল 9 টা থেকে সন্ধ্যা 6 টার মধ্যে 1-800-354-0365 নম্বরে ActionNYC হটলাইনে কল করুন এবং বলুন “public charge” (পাবলিক চার্জ)।

সহযোগী সংস্থানসমূহের মধ্যে রয়েছে: Bronxworks, Consortium for Worker Education (CWE), Bed-Stuy Restoration, Northern Manhattan Improvement Corporation (NMIC), Make the Road NY, SoBro, Urban Upbound, Riseboro, JCC of Staten Island, CUNY, এবং Mekong NYC ও Korean Community Services -এর সাথে অংশীদারিত্বের ভিত্তিতে Chinese-American Planning Council (CPC)।

কন্ট্যাক্ট ট্রেসিং এর মাধ্যমে NYC Test & Trace Corps যেসব তথ্য পায় সেগুলো গোপনীয় এবং নিউ ইয়র্ক সিটি হেলথ কোডের অধীনে সুরক্ষিত। Corps-এর ডাটাবেজ কোন আইন প্রয়োগকারী সংস্থার ডাটাবেজের সাথে সংযুক্ত করা হবে না। NYC Test & Trace Corps আমাদের পাওয়া যে কোনও তথ্য নিরাপদে সংরক্ষণ করবে এবং শুধুমাত্র অনুমোদিত কর্মীরা জনস্বাস্থ্য রক্ষার সীমিত উদ্দেশ্যে এটি ব্যবহার করবে।

আরো তথ্যের জন্য,
[testandtrace.nyc](https://testandtrace.nyc.gov) ওয়েবসাইট দেখুন

NYC
HEALTH+
HOSPITALS

Test & Trace
Corps

COVID-19 এর বিরুদ্ধে লড়াই করার জন্য আপনি কী করতে পারেন

পরীক্ষা




আপনার স্ট্যাটাস
সম্পর্কে জানুন।
আপনার জন্য
বিনামূল্যে একটি
COVID-19
পরীক্ষা করান।

অনুসন্ধান



আপনার কমিউনিটিতে
COVID-19 ছড়িয়ে
পড়া বন্ধ করতে
আমাদের কন্ট্যাক্ট
ট্রেসারদের আহ্বানে
সাদা দিন।

যত্ন নেয়া



অন্যদের সুরক্ষিত
রাখতে নিরাপদে
আলাদা থাকুন
এবং হোটেলে
বা বাড়িতে যত্ন
নিন।

NYC Test & Trace Corps আপনার ব্যক্তিগত এবং স্বাস্থ্য সম্পর্কিত তথ্যের গোপনীয়তা এবং নিরাপত্তা রক্ষায় প্রতিশ্রুতিবদ্ধ। আমরা যেসব তথ্য পাই তা গোপনীয় এবং নিউ ইয়র্ক সিটি হেলথ কোডের (New York City Health Code) অধীনে সুরক্ষিত। Test & Trace Corps কারো ইমিগ্রেশন স্ট্যাটাস সম্পর্কে জানতে চাইবে না।

NYC
HEALTH+
HOSPITALS

Test & Trace
Corps